দীর্ঘকাল ধরিয়া
সুনাম ও সততার
সঙ্গে
বিশেষত্ব বজায় রেখেছে
পণ্ডিত-প্রেস
সকল প্রকার ছাপার কাজের
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পণ্ডিত
( দাদাঠাকুর )

**বহরমপুর এক্সরে ক্লিনিক**
জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫৫শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৩রা পৌষ বুধবার, ১৩৭৫ ইং 14th Dec 1968 | ৩০শ সংখ্যা



সকল ঘরের তরে...
দীপ্তি লণ্ঠন
ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

**রান্নায় আনন্দ**

এই কেরোসিন কুকারটির অভিনব রন্ধনের রীতি দূর করে রন্ধন প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও পড়বে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলো, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।



**খাস জনতা**
কেরোসিন কুকার
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ

**এই তো খেলার দিন—**
ক্রিকেট, ভলিবল, ব্যাডমিন্টন।
উল ও প্রসাধন সামগ্রী ইত্যাদি পাওয়া যায়।
পরীক্ষা প্রার্থনীয়।
কর্ম্মাধ্যক্ষ—খেলা ঘর
রঘুনাথগঞ্জ চাউলপটী, মুর্শিদাবাদ




স্কুল, কলেজ ও পাঠাগারের
মনের মত ভাল বই
সবচেয়ে সুবিধায় কিনুন।
STUDENTS' FAVOURITE
Phone—R.G.G. 44.

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

৩রা পৌষ বুধবার সন ১৩৭৫ সাল।

## জীবন যখন শুকায়ে যায়

--০—

একটি পরিচিত কথা শুনিয়াছি—বাঙ্গালী আত্মবিস্মৃত জাতি। এখন দেখা যাইতেছে, তাহার আত্মবিস্মৃতি একটা ঐতিহ্যে দাঁড়াইয়া গিয়াছে। সুদূর অতীত হইতে আজ পর্যন্ত হিসাব করিলে দেখা যাইবে, এই বাঙ্গালার দেশসীমা প্রাক্-ইংরাজ-শাসনকাল হইতে ক্রমসঙ্কুচিত হইয়া এখন একটা কোণ মাত্র সম্বল হইয়াছে। আর সেই সঙ্গে বর্তমানে কোণঠাসা অবস্থায় উপনীত এই বাঙালী। সুকবি সত্যেন্দ্রনাথ দত্ত তাঁহার কবিতায় বাঙালীর যে অতীত গৌরবের কথা শুনাইয়াছেন, আজ তাহা যেন অত্যন্ত বেসুরা লাগে। মনে হয়, ইহা যেন আমাদের আরও ঝিমাইয়া দিতেছে।

যে বঙ্গের নগণ্য অঙ্গে আমরা টিকিয়া আছি, সেখান হইতেও আস্তে আস্তে উৎখাত হইতে চলিয়াছি। কর্মসংস্থানে এখানে আমাদের সুযোগ-সুবিধা কম। কোন কর্মখালিতে বেকার বাঙালীর আবেদনপত্রের পাহাড় জমে। নিয়োগের ব্যাপারে প্রথম পুরুষ বহুবচন সৌভাগ্যের তিলক পরে। ব্যবসা-বাণিজ্যের কথা না তোলাই ভাল। সেখানে অবাঙালীর অপ্রতিহত রাজত্ব। আর ঐ সব ধন-কুবেররা লক্ষ্মীর প্রসাদে রাজনীতির ক্ষেত্রেও অনেক প্রভাব বিস্তার করিতেছে। আর তাহার ফলে বাংলা ও বাঙালীর স্বার্থ গঙ্গাযাত্রা করিতেছে। যতই জিগির শুনি প্রাদেশিকতাবোধ পরিহারের, ততই দেখি বাংলা ছাড়া অন্যান্য রাজ্যে এই প্রাদেশিকতাবোধের বিষ তীব্র। আসাম, বিহার, উড়িষ্যা, গুজরাট, মহারাষ্ট্র প্রভৃতি রাজ্যগুলি কি ধোওয়া তুলসীপাতা?

এই রাজ্যে বসবাসকারী ও শোষণকারী যত অবাঙালী ধনী ব্যক্তি ও তাহাদের প্রসাদপুষ্ট অবাঙালী শ্রমিক-মজুরেরা একটা বিরাট রাজনৈতিক উদ্দেশ্য সিদ্ধ করিতেছে। ইহাদের চটাইয়া আখের নষ্ট করিতে কে চায়? আজ সরকার যেখানে সাক্ষীগোপালমাত্র, সেখানে বাঁচার ও আপন অস্তিত্ব টিকাইবার দাবী বাঙালীকেই জোরদার করিতে হইবে। ভাষাভিত্তিক প্রদেশ গঠন যদি ভারতের আর সব রাজ্যে হয়, বাংলায় তাহা হয় না কেন? কেন বঙ্গভাষাভাষী অঞ্চলগুলি এখনও বাংলার অন্তর্ভুক্ত হইতেছে না? প্রতিটি বাঙালীকে ইহার জন্য সোচ্চারে প্রশ্ন করিতে হইবে।

ক্ষমতাচ্যুত যুক্তফ্রণ্ট সরকার ত স্বার্থের ঝোল লইয়া রসনা সিক্তকরণে ব্যস্ত ছিল; সেখানে মহৎ কিছুর আশা করা বৃথা। বাঙালীর আশু প্রয়োজন ব্যবসা-বাণিজ্য এবং অপরাপর কর্মে স্বাধিকার প্রতিষ্ঠার। দ্বিতীয়তঃ, আজ বাঙালীর মহৎ নীতিবোধ জাগ্রত হওয়া চাই। চারিত্রিক মেরুদণ্ডহীন জাতির ধ্বংস অনিবার্য। সেইজন্য চরিত্রের দৃঢ়তা ও তাহার বিকাশসাধনে আজ বাঙালী যুবক অগ্রণী হোন। আত্মসমীক্ষার মাধ্যমে আত্মশক্তির উন্মেষ ঘটাইতে হইবে। এই বিষয়ে দেশের প্রতিটি সুপ্রতিষ্ঠিত সম্পন্ন বাঙালীর বিশেষ ভূমিকা রহিয়াছে। নচেৎ আজিকার আত্মতুষ্টি ও নিশ্চিন্তভাব একদিন সমগ্র বাঙালীর সর্বনাশের পথ উন্মুক্ত করিবে।

---

## দেওঘরে আগুনে পুড়ে দুইটি স্ত্রীলোকের মৃত্যু

১৩ই ডিসেম্বর দেওঘরে দুইজন স্ত্রীলোক আগুনে পুড়ে মারা গিয়েছেন। এদের মধ্যে একজন একটি নববিবাহিতা তরুণী। কোরিদি গ্রামে রান্না করার সময় তিনি আগুনে পুড়ে যান। ষ্টোভে দুধ গরম করার সময় দ্বিতীয় স্ত্রীলোকটির সাড়িতে আগুন ধরে। দুই জনকেই দেওঘর হাসপাতালে ভর্তি করা হয়েছিল। তাঁরা হাসপাতালেই মারা যান।

---

## পাশ-না-করা চিকিৎসকদের রেজিষ্ট্রী প্রসঙ্গ

পশ্চিমবঙ্গ নন্ রেজিষ্টারড ডক্টরস অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে এক বিবৃতিতে বলা হয়েছে, নন্-রেজিষ্টারড অ্যালোপ্যাথিক চিকিৎসকদের নাম রেজিষ্ট্রী করা সম্পর্কে কেন্দ্রের প্রস্তাবিত রিপোর্ট সম্প্রতি মাদরাজ সরকার সমর্থন করেছেন বলে খবর এসেছে। মাদরাজ সরকারের ওই সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে অ্যাসোসিয়েশন অন্যান্য রাজ্যগুলির কাছেও ওই বিল সমর্থন করার জন্য অনুরোধ জানাচ্ছেন। সঙ্গে সঙ্গে অ্যাসোসিয়েশন এই রাজ্যের ২৫ হাজার তথা সারা ভারতের ৬ লক্ষ নন্-রেজিষ্টারড চিকিৎসকগণকে তাঁদের আন্দোলন শিথিল না করার জন্য আবেদন জানান।

---

## অধ্যাপকের সশ্রম কারাদণ্ড

১৭ই ডিসেম্বর জব্বলপুর মেডিকেল কলেজের অধ্যাপক এবং একটি বিভাগের প্রধান ডাঃ এস, এল, গোস্বামীকে গতকাল এক বছরের সশ্রম কারাদণ্ড এবং এক হাজার টাকা অর্থদণ্ডে দণ্ডিত করা হয়। গবেষণার জন্য প্রয়োজনীয় কিছু সরঞ্জাম কেনার ব্যাপারে ভাঁওতা দিয়ে নয়াদিল্লির ভারতীয় চিকিৎসা গবেষণা পর্ষদের থেকে টাকা নেওয়ার দায়ে এই দণ্ডাদেশ দেওয়া হয়। জব্বলপুরের অতিরিক্ত ও বিশেষ জজ শ্রী কে, এম, দেশমুখ অভিযুক্তকে দণ্ডাদেশ দেন। একই সঙ্গে তাঁকে ৬ মাসের দু'টি পৃথক মেয়াদের কারাদণ্ডেও দণ্ডিত করা হয়। মধ্যপ্রদেশ তদারকি কমিশন এই মামলার অনুসন্ধান কাজ চালান।

---

## জঙ্গিপুর ফৌজদারী আদালত বার এসোসিয়েশন-এর সম্পাদক মহাশয়ের নিকট হইতে প্রাপ্ত

২-১২-৬৮ তারিখ বার এসোসিয়েশনের সভাপতি মহাশয়ের পৌরোহিত্যে জঙ্গিপুর ফৌজদারী আদালত আইনজীবী বার এসোসিয়েশনের সভ্যদের দ্বারা অনুষ্ঠিত এক অতিরিক্ত সাধারণ সভার কার্যসূচী ঃ—

উপস্থিত সভ্যগণ ( প্রস্তাব বহিতে উল্লেখিত )

গত ২৫-১১-৬৮ তারিখের সভার কার্যসূচীসমূহ সমর্থন অথবা বিরুদ্ধাচরণের জন্য অদ্যকার সভার আহ্বান করা হইয়াছে। প্রস্তাবগুলি পঠিত এবং সমর্থিত হইল।

প্রথমে শ্রীদুর্গাশঙ্কর মুখোপাধ্যায় মহাশয় প্রস্তাব করিলেন যে, যদিও শ্রীসুধীর মুখোপাধ্যায় মহাশয় অনুরোধ করেন নাই, তথাপি তাঁহাকে আরও একটি সুযোগ দিবার জন্য তাঁহার অসুস্থতার সংবাদের বিবেচনায় এই সভা-অনুষ্ঠান স্থগিত থাকুক।

অপর পক্ষে শ্রীআশুতোষ মুখোপাধ্যায় মহাশয়ের প্রস্তাবে এবং শ্রীসুকুমার চট্টোপাধ্যায় মহাশয়ের সমর্থনে জানান হইল যে, যখন গত সভায় শ্রীসুধীর মুখোপাধ্যায় মহাশয় অগ্রাহ্যভাবে এবং উদ্ধতভাবে আমাদের অনুরোধের অমর্যাদা করিয়াছেন এবং প্রকাশ্যভাবে আমাদিগকে প্রতিদ্বন্দ্বিতায় আহ্বান করিয়াছেন, তখন সভায় তাঁহার উপস্থিতির জন্য আর অপেক্ষা করা বৃথা। উপরন্তু সভ্যেরা সুদীর্ঘ-কাল ধরিয়া শ্রীমুখোপাধ্যায় মহাশয়ের প্রণালীবদ্ধ অপ্রীতিকর মনোভাব এবং দুর্ব্যবহার দুঃখের সহিত লক্ষ্য করিয়া আসিতেছেন।

শ্রীআশুতোষ মুখোপাধ্যায় মহাশয়ের এই প্রস্তাব শ্রীদুর্গাবাবুর একমাত্র ভিন্নমত ছাড়া সর্বসম্মতিক্রমে গৃহীত হইল।

সভ্যদের প্রায় সর্বসম্মতি সিদ্ধান্ত বিবেচনা করিয়া গভীর দুঃখের সহিত স্থির হইল যে, যেহেতু শ্রীসুধীর মুখোপাধ্যায় মহাশয়ের কার্যপ্রণালী বার এসোসিয়েশনের স্বার্থের পরিপন্থী ও সুনামের ক্ষতিকারক, অতএব এই সংস্থা হইতে তাঁহার সদস্যপদ খারিজকরণ অবিলম্বে কার্যকরী করা হউক।

প্রস্তাবের প্রতিলিপি প্রেরিত হউক ঃ—

১। জঙ্গিপুর এস. ডি ও

২। স্থানীয় মুন্সেফী আদালত বার

৩। জেলা বার এবং জেলাস্থ অপরাপর মহকুমা বারসমূহ।

৪। পশ্চিমবঙ্গ আইনজীবী বার এসোসিয়েশন

৫। স্থানীয় প্রেস ঃ— (১) জঙ্গিপুর সংবাদ
(২) বাণীকণ্ঠ

এবং সংশ্লিষ্ট অন্যান্য সভ্য।

২-১২-৬৮ স্বাঃ বি. বি. মিত্র, সভাপতি

## বাজারে ব্যাজার

রঘুনাথগঞ্জের বাজারে তরিতরকারী-আনাজপাতি কেনার এক হুজ্জং। মনে মনে আঁক কষে যান, ২৫ পয়সার আলু, ১৫ পয়সার বেগুন, মাঝারি একটা ফুলকফি কত আর নেবে ৪০ পয়সা,—কিনবেন। বাজারে গিয়েই স্বপ্নসৌধ ভেঙ্গে যায়। মাটিমাখা ভিজে ডবডবে আলু ৬০।৬৫ পয়সা কিলো; বাঁধাকপি ৫০ পয়সা, টম্যাটো—লালচে সবুজ রং এর ৫০ পঃ। বেগুন ৩০ পয়সা হতে ২৫ পয়সায় নেমেছে। ফুলকফির ডালনার জন্যে জিভে জল আসছে। কিনুন না, খুব সস্তা; মাঝারি একটা ফুলকফি (ওজন হালকা, বিক্রেতা হাতে নিয়ে দুলিয়ে খুব ভারী জানাতে চায়) ৬৫—৮০ পয়সার তক্‌মা আঁটা। কাগজী লেবু প্রতি জোড়া ১২ পয়সা। মূলো ২০-২৫ পয়সা। শীতের মরশুমে শাকটাও খেতে চান। পাবেন, তবে দরের কথা ঐ ৩০—৪০ পয়সার কিলো-কোঠায়। লাউ কুমড়া থাক। শীতের লাউ কুঁচোচিংড়িতে, বড়িভাজায় মজে বেশ। একটা মাঝারী লাউ ৫০ পয়সা। শীতের খাদ্যসুখ রঘুনাথগঞ্জে কবে থেকে বিদায় নিয়েছে। ফড়িয়া-প্রভু এবং ফরাক্কা চালানীর জ্বালায় আপনারও গায়ে জ্বালা ধরে। করবেন কি? মাছ-মাংস দিয়ে আশা মেটাতে চান? সে উপায় কই। ইলিশ ৬·৫০ কন্‌ট্রোল দর। দশ-আঙ্গুলে রুই-মৃগেল ৪·০০ একটু সাবালক ৫·০০; কাজেই হাহুতাশ করুন, আর নিজের ওপর অভিশাপই দিন, চালের কিলো ১·২০।১·২৫—এতে মনটা ঠাণ্ডা থাকছে এই যা সান্ত্বনা।

## বর্ষশেষে বর্ষারম্ভ>বর্ষণ ( অশ্রু ? )

ইংরাজী বর্ষের অন্তিম ঘোষণা করে ডিসেম্বর মাসটি। পুস্তক ব্যবসায়ীর ঠিক তখনই বর্ষ আরম্ভ। তৎপরতার শেষ নাই। বিদ্যালয়ে হানা, শিক্ষকদের নিকট ধর্ণা। নানাবিধ চমকপ্রদ কাহিনীতে চমৎকারিত্ব সম্পাদন করিয়া 'একখানা নূতন বই ধরিয়ে দিন' অনুনয়। প্রভাবশালী শিক্ষকদের বাড়ী পর্যন্ত ধাওয়া, রাস্তায় পাকড়াও করা। আর হস্ত-মস্তক কণ্ডুয়ন। অন্য ধারে হতভাগ্য অভিভাবক বসিয়া বুকলিষ্ট পাইবার অপেক্ষায়। ছেলে বা মেয়ের পুরাতন বই চলিবে না। বিদ্যালয়ে পরিবর্তন করিয়াছে। অতএব বেচারাদের অশ্রুবর্ষণ চলে। নবম শ্রেণীতে বই-এর পরিবর্তনে চোখে সরিষার ফুল ছাড়া আর কিছু তাঁহারা দেখেন না। কারণ, ঐ শ্রেণীর পাঠ্যপুস্তকগুলি অভিজাত মূল্যমানের।

## বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা মির্জাপুর রেশম বয়ন শিল্পী সমবায় সমিতি লিমিটেডের সভ্য, শিল্পী, আমানতকারী ও দেনদার মহাশয়গণকে জানাইতেছি যে, উক্ত সমিতির ১৯৬৭-৬৮ সালের বাৎসরিক অডিটকার্য্য সম্পূর্ণ হইয়াছে। তাহাতে আপনাদের দেনা ও পাওনা অত্র সমিতির হিসাবে যাহা দেখা যাইতেছে তাহা ঠিক আছে কি না নির্দ্ধারণের জন্য আগামী ৩১-১২-৬৮ তারিখে উক্ত সমিতির অফিসে বেলা ১১ ঘটিকার সময় উপস্থিত হইয়া আমার সহিত সাক্ষাৎ করিয়া হিসাব দেখিতে অনুরোধ জানাইতেছি। উক্ত তারিখে আপনি উপস্থিত না হইলে সমিতির হিসাব ঠিক আছে বলিয়া গণ্য করা হইবে। ইতি—১৫-১২-৬৮

Sd/- Kalipada Das
Retd. Inspector of Co-operative Societies.
Audit Officer.

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ১৩ই জানুয়ারী, ১৯৬৯

১৯৬৮ সালের ডিক্রীজারী

১ মনি ডিঃ সীতানাথ সরকার দেং গোলামউল্লা বিশ্বাস দাবি ৮৭৩·৯০ পয়সা থানা রঘুনাথগঞ্জ মৌজে গিরিয়া ১৪৫৩ শতকের কাত ৩৪৬৷৴১১ তন্মধ্যে ৮ শতক পরতামত কাত ১৮ পয়সা খং ১৭৩ হাল খং ১৮৪১ তদুপরিস্থিত পোক্তা বাড়ী মায় ইট, কাঠ, তীর বরগা, কপাট চৌকাট, নওয়া জিম্মাসহ আঃ ৫০০৲ রায়তী স্থিতিবান





**বিশ্বস্ততার প্রতীক**

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

# আমলা কেশ

সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

---

শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

## ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেণ্ট—**শ্রীননীগোপাল সেন**, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

---

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং *বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি* ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

***সর্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়***

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

# আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-১
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬

---

হাতে কাটা

## বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

---

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

**ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের**

## পামারি

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ

কবিরাজ **শ্রীরোহিণীকুমার রায়**, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

---

***জঙ্গিপুর সংবাদ*** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য সডাক ৪'০০ চারি টাকা, শহরে ৩'০০ তিন টাকা, প্রতি সংখ্যা দশ পয়সা।

বিজ্ঞাপনের হার:—প্রতিবার প্রতি লাইন ৫০ পয়সা। প্রতিবার প্রতি সেণ্টিমিটার ১'০০ এক টাকা। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন।

ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।